

নং- ২৭.২৭.২৬৬৬.১০৪.১৭.০০১.২১.২২০৫

তারিখঃ ১৫ পৌষ ১৪২৮  
৩০ ডিসেম্বর ২০২১

## “সেবা ডিজিটালাইজেশন সংক্রান্ত অফিস আদেশ”

“শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ” এই স্লোগানকে সামনে রেখে ইজিসিবি লিঃ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বর্তমানে শতভাগ মানুষ বিদ্যুৎ সুবিধা পাচ্ছে। নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সুবিধা প্রদান করার লক্ষ্যে ইজিসিবি লিঃ এর আওতাধীন সকল বিদ্যুৎ কেন্দ্রসমূহ চালু রাখা হয়েছে। বিদ্যুৎ কেন্দ্র পরিচালনার সময় কন্ট্রোল রুম ইঞ্জিনিয়ার দের সাথে ফিল্ড অপারেটর দের যোগাযোগের মাধ্যমে বিভিন্ন টেকনিক্যাল কাজ সম্পাদন করতে হয়। তার মধ্যে একটি হল বিভিন্ন ইকুইপমেন্ট লোকেট করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া। উদাহরণসরূপ, সুইচগিয়ার রুম এ গিয়ে অসংখ্য ব্রেকার এর মধ্য থেকে ম্যানুয়ালি খুঁজে প্রয়োজনীয় সার্কিট ব্রেকার বের করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হয়। ফিল্ড অপারেটর দের ডায়গ্রাম দেখে অথবা কন্ট্রোল রুম ইঞ্জিনিয়ার দের সাথে ফোন এ কথা বলে প্রয়োজনীয় ইকুইপমেন্ট খুঁজে বের করতে হয়। যা অনেকসময় বেশ সময়সাপেক্ষ এবং কষ্টসাধ্য হয়ে দাঁড়ায়। জরুরী পরিস্থিতিতে বিদ্যমান পদ্ধতিতে ইকুইপমেন্ট এর লোকেশন আইডেন্টিফিকেশন এ বিলম্ব হবার কারণে বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা ব্যাহত হবার সম্ভাবনা থাকে। এছাড়াও মেইন্টেনেন্স কাজ দীর্ঘায়িত হয়।

২। ইজিসিবি লিঃ এর ২০২১-২২ অর্থবছরের জন্য বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয় ও ইজিসিবি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের মধ্যে “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি” স্বাক্ষরিত হয়। চুক্তির আওতায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রনয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনার ছকে ১.৩.১ নং কার্যক্রম সূচকে আগামী ৩০/১২/২০২১ ইং তারিখের মধ্যে ন্যূনতম একটি সেবা ডিজিটালাইজেশন করার বাধ্যবাধকতা রয়েছে। সে লক্ষ্যে ইজিসিবি লিঃ কর্তৃক “স্মার্ট ইকুইপমেন্ট লোকেশন আইডেন্টিফিকেশন সিস্টেম” শীর্ষক একটি সেবা ডিজিটালাইজেশন করা হয়েছে। স্মার্ট ইকুইপমেন্ট লোকেশন আইডেন্টিফিকেশন সিস্টেম টি মোবাইল এপ এর মাধ্যমে সম্পাদন করা যেকোনোঃ

- একটি ডিজিটাল ডাটাবেজ এবং ইকুইপমেন্ট এর লোকেশন সার্চ অপশন থাকবে
- এপ এর মাধ্যমে ফিল্ড অপারেটর কে সয়ংক্রিয়ভাবে ইকুইপমেন্ট এর নাম এবং তার লোকেশন নটিফিকেশন হিসেবে প্রেরণ করা যাবে
- এছাড়াও ভয়েস টু টেক্সট কমান্ড এর মাধ্যমে ফিল্ড অপারেটর কে নির্দেশনা প্রেরণ করা যাবে
- যেকোন জরুরী পরিস্থিতিতে দ্রুততার সাথে ইকুইপমেন্ট এর লোকেশন এ গিয়ে তা অপারেট করা যাবে।
- প্রয়োজ্য ক্ষেত্রে সুইচগিয়ার এ ফ্লাশিং LED এর ব্যবস্থা করা যেতে পারে, যা ইকুইপমেন্ট চিহ্নিত করণের কাজ আরো সহজ করবে।

৩। “স্মার্ট ইকুইপমেন্ট লোকেশন আইডেন্টিফিকেশন সিস্টেম” শীর্ষক ডিজিটাল সেবাটি ব্যবহারের ফলে নতুনত্ব হিসেবে প্ল্যান্ট ইকুইপমেন্ট এবং তাদের লোকেশন এর ডিজিটাল সার্ভার তৈরি এবং সার্চ করার ব্যবস্থা থাকবে এবং একইসাথে ভয়েস টু টেক্সট কমান্ড এর মাধ্যমে সয়ংক্রিয় ভাবে ফিল্ড অপারেটর কে নির্দেশনা পাঠানো সম্ভব হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

Ahmed Shahid  
30.12.2021

ইব্রাহীম আহমদ শাফী আল মোহতাদ  
প্রধান প্রকৌশলী (পিএন্ডডি)  
কর্পোরেট অফিস, ইজিসিবি লিঃ, ঢাকা  
ও

“ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা  
বাস্তবায়ন” কমিটির আহ্বায়ক

### অনুলিপিঃ

- ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি লিঃ, ঢাকা।
- নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ/ ওএন্ডএম/ পিএন্ডডি), ইজিসিবি লিঃ, ঢাকা।
- মহাব্যবস্থাপক (এইচআর), কর্পোরেট অফিস, ইজিসিবি লিঃ, ঢাকা।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), কর্পোরেট অফিস, ইজিসিবি লিঃ, ঢাকা। [বিজ্ঞপ্তিটি ইজিসিবি’র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]
- ব্যবস্থাপক (হিসাব), কর্পোরেট অফিস, ইজিসিবি লিঃ, ঢাকা।
- অফিস কপি।